

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় : নবীজী ও তাঁর সাহাবীগণের হজ-উমরা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

দুই ওয়াক্ত সালাত একসাথে আদায় ও আরাফায় অবস্থান

৫৬- 'এরপর বিলাল রা. একবার আযান দিলেন।'¹¹

৫৭- অতপর ইকামত দিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (সবাইকে নিয়ে) যোহরের সালাত আদায় করলেন। বিলাল রা. পুনরায় ইকামত দিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের সালাতও আদায় করলেন।

৫৮- তিনি উভয় সালাতের মাঝখানে অন্য কোন সালাত আদায় করেননি।

৫৯- অতপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'কাসওয়া নামক উটের' পিঠে আরোহন করলেন। এমনকি তিনি উকুফের স্থানে এলেন। তাঁর বাহন কসওয়ার পেট বড় বড় পাথরের দিকে ফিরিয়ে রাখলেন এবং যারা পায়ে হেঁটে তাঁর সাথে এসেছিলেন, তিনি তাঁদের সকলকে তাঁর সামনে রাখলেন। অতপর কিবলামুখী হলেন।

৬০- তিনি সেখানেই উকৃফ করতে থাকলেন, এমনকি সূর্য ডুবে গেলে। (পশ্চিম আকাশের) হলুদ আভা ফিকে হয়ে গেল এমনকি লালিমাও দূর হয়ে গেল

৬১- আর তিনি বললেন,

«قَدْ وَقَفْتُ هَهُنَا وَعَرَفَةُ كُلُّهَا مَوْقِفٌ»

'আমি এখানে উকুফ করলাম কিন্তু আরাফার পুরো এলাকা উকুফের স্থান।'

৬২- এরপর তিনি উসামা ইবন যায়েদকে তাঁর উটের পেছনে বসালেন।

ফুটনোট

- [1]. দারেমী।
- [2]. ইবন মাজাহ্ ı
- [3]. অন্য হাদীসে এসেছে, তিনি উকৃফ করেছেন, উভয় হাত তুলে দু'আ করেছেন। হাজ্জাতুন-নবী : ৭৩ পৃষ্ঠা।
- [4]. সূর্যান্তের পর আরাফাহ থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রস্থান মুশরিকদের আচারের সাথে ভিন্নতা সৃষ্টির লক্ষেযই ছিল, কেননা মুশরিকরা সূর্যান্তের আগেই আরাফা ত্যাগ করতো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমাদের আদর্শ তাদের থেকে ভিন্ন।



[5]. আবূ দাউদ, নাসাঈ, মুসনাদে আহমদ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7365

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন